

অথবা, “কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান।  
অবলার প্রাণ নিতে নাহি তোমা হেন।”  
—এটি কোন্ পর্যায়ের পদ? ‘বঁধু’ ও ‘অবলা’ বলতে কী বোঝানো  
হয়েছে? পদাংশটির মর্মার্থ কী? ১+২+২

(খ) “বারে বারে কহ রাণি, গৌরী আনিবারে”  
—কোন পর্যায়ের পদ? কে, কাকে, কেন একথা বলেছে? ১+২+২

অথবা, “মা আমার ঘুরাবে কত?”  
—পদকর্তা কে? পংক্তিটির মর্মার্থ লেখো। ১+৪

(গ) “বিষম সম্বল চিন্তা মহাবীরে লাগে,  
এক চক্ষে নিদ্রা যায় এক চক্ষে জাগে”।

—‘মহাবীর’ বলতে কাকে বোঝানো হয়েছে? কখন এবং কেন তার এরূপ  
অবস্থা হয়েছিল? ১+২+২

অথবা, “আমানি খাবার গর্ত দেখ বিদ্যমান”—বক্তা কে? কোন্ প্রসঙ্গে সে কাকে  
একথা বলেছে? একথা বলার উদ্দেশ্য কী ছিল? ১+২+২

চতুর্থ পত্র—২০১০

পূর্ণমান—১০০

(৫, ১০, ১৫ ও ২০ মানের উত্তর যথাক্রমে অনধিক ১০০, ২০০, ৩০০ ও  
৩৫০ শব্দের মধ্যে লিখতে হবে)

১। সামাজিক নাটকের সংজ্ঞা ও বৈশিষ্ট্যসমূহ সম্পর্কে আলোচনা করে এই  
শ্রেণীর একটি বাংলা নাটকের বিস্তারিত পরিচয় দাও। ৪+৬+১০

অথবা, যে কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ১০+১০

(ক) অ্যাবসার্ড নাটক (খ) কমেডি (গ) প্রহসন (ঘ) সাংকেতিক নাটক

২। বাংলা নাট্যাভিনয়ের ক্ষেত্রে নাট্য নিয়ন্ত্রণ বিল উপস্থাপনার প্রেক্ষাপট বর্ণনা  
কর। প্রসঙ্গত বিলটির বিষয়বস্তু ও উদ্দেশ্য সম্পর্কে সবিস্তারে আলোচনা করো।  
৬+৬+৮

অথবা, যে কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ১০+১০

(ক) বেঙ্গলী থিয়েটার (খ) নবীনচন্দ্র বসুর শ্যামবাজার থিয়েটার (গ)  
বেলগাছিয়া নাট্যশালা (ঘ) ন্যাশনাল থিয়েটার (প্রথম পর্ব)

৩। (ক) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনে নবকুমার চরিত্রটি প্র.  
নের চরিত্র  
হিসাবে কতদূর সার্থক হয়েছে আলোচনা কর। ১০

অথবা, (খ) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে সংলাপ রচনা কতটা উপযোগী হয়েছে তা বিচার করো। ১০

৪। (ক) 'বুড় সালিকের ঘাড়ে রৌঁ' প্রহসন অবলম্বনে ভক্তপ্রসাদ চরিত্রের বৈশিষ্ট্যগুলি যথাযথভাবে বিশ্লেষণ করো।

অথবা, (খ) 'বুড় সালিকের ঘাড়ে রৌঁ' প্রহসনে নাট্যকারের হাস্যরস পরিবেশনের নৈপুণ্য সম্পর্কে আলোচনা কর। ১০

৫। (ক) 'মুক্তধারা' নাটকের রণজিৎ চরিত্রটির পূর্ণাঙ্গ বিশ্লেষণ করো। ১৫  
অথবা, (খ) একদিকে একটা অভভেদী লৌহযন্ত্রের মাথা অন্যদিকে ভৈরব মন্দির চূড়ার ত্রিশূল—এই দুটি প্রতীক নাটকের অন্তর্নিহিত ভাবটিকে প্রকাশ করেছে।—  
আলোচনা কর। ১৫

৬। 'টিনের তলোয়ার' নাটকের প্রিয়নাথ মল্লিকের চরিত্র সম্পর্কে সবিস্তারে আলোচনা করো। ১৫

অথবা, 'টিনের তলোয়ার' নাটকের প্রতিপাদ্য বিষয়ের সঙ্গে এর নামকরণ কতদূর সঙ্গতিপূর্ণ হয়েছে বিচার করো। ১৫

৭। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) 'রাজকার্যে ছোটোদের অবজ্ঞা করতে নেই। মনে রাখবেন, যখন অসহ্য হয় তখন দুঃখের জোরে ছোটোরা বড়োদের ছাড়িয়ে বড়ো হয়ে ওঠে।'—কার প্রতি কার উক্তি? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩

অথবা, 'স্বর্গকে ভালো লেগেছে বলেই দৈত্যের সঙ্গে লড়াই করতে যেতে দ্বিধা করিনে।'—কে, কাকে এ কথা বলেছে? বক্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩

(খ) 'আমি একদিক থেকে ব্রহ্মার সমান। আমি দেবশিল্পী বিশ্বকর্মা'—কে, কখন একথা বলেছে? উক্তিটির মধ্যে দিয়ে বক্তার চরিত্রের কোন্ দিকটি পরিস্ফুট হয়েছে? ১+১+৩

অথবা, 'নিজের মেয়ে হলে এ কাজ করতে পারতে না বাবু।'—কে, কাকে বলেছে? কোন্ কাজের কথা এখানে বলা হয়েছে? ১+১+৩